

১০/০৬/০৮

আরবের শিক্ষা ব্যবস্থা ভেঙে পড়ছে: রিপোর্ট

সংবাদ ডেস্ক

আরবের দেশগুলোর শিক্ষা ব্যবস্থা দিনদিন ভেঙে পড়ছে এবং অবিলম্বে এর সংস্কার প্রয়োজন বলে জানিয়েছে বিশ্বব্যাংক। বেকারত্ব সমস্যা দূর করতে আরব বিশ্বের শিক্ষা ব্যবস্থার উন্নয়ন ও সংস্কার জরুরি বলেও জানায় সংস্থাটি। এক রিপোর্টে বিশ্বব্যাংকের কর্মকর্তারা জানান, অর্থনৈতিক উন্নয়নের জন্য আরব বিশ্বের দেশগুলোকে দ্রুত শিক্ষা ব্যবস্থার উন্নয়ন ঘটাতে হবে।

বিশ্বব্যাংকের রিপোর্টে আরও জানানো হয়, এশিয়া ও ল্যাটিন আমেরিকায় শিক্ষা ব্যবস্থার উন্নতি ও লিঙ্গ বৈষম্য দূর হলেও আরব দেশগুলোতে শিক্ষা ব্যবস্থার উন্নয়ন সেভাবে ঘটেনি।

বিশ্বব্যাংকের একজন উর্ধ্বতন কর্মকর্তা মারওয়ান মুয়শের জানান, বেকারত্বের সংকট দূর করতে আরব দেশগুলোতে দ্রুত শিক্ষা ব্যবস্থার উন্নয়ন ঘটাতে হবে। তিনি আরও বলেন, আরব দেশের শিক্ষার্থী ও শিক্ষকদের যথাযথ প্রশিক্ষণ প্রয়োজন।